গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
www.dmtcl.gov.bd

**ঢাকা মেট্রোরেলের যাত্রীদের ক্ষতিগ্রস্ত, অকার্যকর ও কালো তালিকাভুক্ত ফেরৎযোগ্য এমআরটি পাস (MRT Pass) এবং একক যাত্রা টিকেট (SJT) ব্যবস্থাপনা পদ্ধতি**

**১। ভূমিকা**

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর আওতায় পরিচালন ও রক্ষণাবেক্ষণাধীন এমআরটি লাইন-৬ এ যাতায়াতকারী যাত্রীদের ক্ষতিগ্রস্ত, অকার্যকর ও কালো তালিকাভুক্ত এবং অন্য কোনো যৌক্তিক কারণে ফেরৎযোগ্য এমআরটি পাস ও একক যাত্রা টিকিট ব্যবস্থাপনার নিমিত্ত নিম্নবর্ণিত পদ্ধতি প্রণয়ন করা হল:

**২। অপঠনযোগ্য (মেশিন রিডেবল নয়) এমআরটি পাসের প্রকারভেদ**

**২.১ অপঠনযোগ্য ক্ষতিগ্রস্ত এমআরটি পাস**

২.১.১ অপঠনযোগ্য এমআরটি পাস ক্ষতিগ্রস্ত বিবেচিত হবে যদি-

ক) এমআরটি পাসটি বাঁকা হলে অথবা কার্ডে দৃশ্যমান কোনও ভাঁজ, দাগ, কাটা, ফাটা, ভাঙ্গা ইত্যাদি থাকলে;

খ) এমআরটি পাসে স্ক্র্যাচ থাকলে অথবা আইডি নম্বরটি পড়া না গেলে; এবং

গ) এমআরটি পাসে ছিদ্র, স্টেপলার পিন ব্যবহারের চিহ্ন, পাঞ্চ করা, পোড়া চিহ্ন ইত্যাদি থাকলে অথবা লেমিনেটেড বা অন্য কোনো বস্তুর সঙ্গে সেঁটে গিয়ে থাকলে অথবা রাসায়নিক পদার্থের সংস্পর্শে এসে থাকলে।

**২.২ অপঠনযোগ্য কিন্তু ক্ষতিগ্রস্ত নয় এমন এমআরটি পাস**

২.২.১ অপঠনযোগ্য এমআরটি পাসটি ক্ষতিগ্রস্ত নয় বিবেচিত হবে যদি-

ক) এমআরটি পাস যা উপ-অনুচ্ছেদ ২.১ অনুযায়ী দৃশ্যমানভাবে ক্ষতিগ্রস্ত নয় মনে হয় কিন্তু অভ্যন্তরস্থ ইলেকট্রনিক চিপটি অকার্যকর ও মেশিন রিডেবল নয়; এবং

খ) এমআরটি পাসটি সক্রিয় করা হয়নি।

**২.৩ কালো তালিকাভুক্ত এমআরটি পাস**

এমন এমআরটি পাস, যা আপাতদৃষ্টিতে অক্ষত মনে হলেও সিস্টেমে কালো তালিকাভুক্ত দেখানো হচ্ছে। এই ধরনের কার্ড যাত্রীর ব্যবহারজনিত অনিয়মের কারণে ক্লিয়ারিং হাউস কর্তৃক কালো তালিকাভুক্ত করা হয়ে থাকে।

**৩। অপঠনযোগ্য এমআরটি পাস এবং একক যাত্রার টিকেট পুনঃইস্যুকরণ পদ্ধতি**

৩.১ অপঠনযোগ্য এমআরটি পাস ক্ষতিগ্রস্ত কিনা তা অতিরিক্ত ভাড়া আদায় অফিস (EFO) এর দায়িত্বপ্রাপ্ত অপারেটর প্রাথমিকভাবে নিশ্চিত করবেন;

৩.২ যদি এমআরটি পাস অপঠনযোগ্য হয় এবং যাত্রী পাসটি ফেরত দিতে আগ্রহ প্রকাশ করেন, তাহলে অপঠনযোগ্য কার্ডের জন্য নির্ধারিত ফরম পূরণ করে EFO তে জমা দিতে হবে;

৩.৩ অপঠনযোগ্য এমআরটি পাস জমা নেয়ার সময় পুনঃইস্যুকৃত পাস সংগ্রহের নিমিত্ত যাত্রীকে নির্ধারিত ফিসহ ন্যূনতম ৪৮ ঘন্টা পর একই স্টেশনে আসার জন্য EFO এর দায়িত্বপ্রাপ্ত অপারেটর নির্ধারিত ফরমে লিখে দিবেন;

৩.৪ EFO অপারেটর অপঠনযোগ্য কার্ড নম্বর জমা ফর্মে লিপিবদ্ধ করবেন;

৩.৫ EFO অপারেটর অপঠনযোগ্য কার্ডের বিবরণ রেজিস্টারে লিপিবদ্ধ করবেন;

৩.৬ উপ-অনুচ্ছেদ-২.১ অনুসারে যদি জমা দেয়া কার্ডটি ক্ষতিগ্রস্ত হয়ে থাকে, তাহলে ক্ষতিপূরণ বাবদ যাত্রীর নিকট থেকে ২০০/- (দুইশত) টাকা এবং প্রসেসিং ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকাসহ সর্বমোট ২৫০/-(দুইশত পঞ্চাশ) টাকা আদায় করতে হবে। এই অর্থ ডিএমটিসিএল'এর আয় হিসেবে বিবেচিত হবে এবং সংশ্লিষ্ট খাতে জমা হবে;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩.৭ উপ-অনুচ্ছেদ ২.২.১ (ক) অনুযায়ী এমআরটি পাসটি অপঠনযোগ্য কিন্তু ক্ষতিগ্রস্ত নয় বিবেচিত হলে যাত্রীর নিকট থেকে ক্ষতিপূরণ বাবদ কোনো অর্থ আদায় করা হবে না। তবে প্রসেসিং ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা আদায় করতে হবে। এই অর্থ ডিএমটিসিএল এর আয় হিসেবে বিবেচিত হবে এবং সংশ্লিষ্ট খাতে জমা হবে;

৩.৮ স্টেশন কন্ট্রোলার অপঠনযোগ্য জমাকৃত এমআরটি পাসসমূহ দায়িত্বকালীন সময়ের মধ্যে যাচাই করে দেখবেন এবং তদস্থলে নতুন পাস নিবন্ধন ও পুনঃইস্যুর নির্দেশনা দিবেন। EFO অপারেটর অপঠনযোগ্য এমআরটি পাস এর স্থলে একটি নতুন পাস নিবন্ধন করে যাত্রীকে সরবরাহ করবেন;

৩.৯ উপ-অনুচ্ছেদ ২.২.১ (খ) অনুযায়ী সক্রিয় করা হয়নি এমন এমআরটি পাস এর স্থলে EFO অপারেটর যাত্রীর জন্য সক্রিয় একটি এমআরটি পাস ইস্যু করবেন। সক্রিয় করা হয়নি এমন এমআরটি পাস তালিকাভুক্ত করে কার্ডটি সিগন্যালিং এন্ড টেলিকম অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করবেন;

৩.১০ সক্রিয় করা হয়নি এমন একক যাত্রা টিকিট নির্ধারিত ফরমে লিপিবদ্ধ করে স্টেশন কন্ট্রোলার সিগন্যালিং এন্ড টেলিকম অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করবেন;

৩.১১ অপঠনযোগ্য এমআরটি পাস জমা দেয়ার বিপরীতে যাত্রীকে একই স্টেশন হতে ১৫ দিনের মধ্যে পুনঃইস্যুকৃত এমআরটি পাসটি যাত্রী কপি প্রদর্শন সাপেক্ষে প্রাপ্তি স্বীকারসহ সংগ্রহ করতে হবে। ১৫ দিনের মধ্যে কোনো যাত্রী তাঁর নামে ইস্যু করা নতুন এমআরটি পাসটি সংগ্রহ না করলে সেই কার্ডের নিবন্ধন বাতিল হয়ে যাবে। পরবর্তিতে এমআরটি পাস পুনঃইস্যুর জন্য নতুনভাবে নিবন্ধন প্রক্রিয়া শুরু করতে হবে;

৩.১২ জমাকৃত সকল অপঠনযোগ্য এমআরটি পাস তালিকাভুক্ত করে নির্ধারিত ফরমে লিপিবদ্ধ করে মাসভিত্তিক পরবর্তী মাসে ০৩(তিন) কর্মদিবসের মধ্যে সিগন্যালিং এন্ড টেলিকম অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বরাবর প্রেরণ করতে হবে। পূরণকৃত ফরমের অনুলিপি সহকারী ব্যবস্থাপক (রাজস্ব) এবং অর্থ ও হিসাব অনুবিভাগে প্রেরণ করতে হবে; এবং

৩.৩২ যে কোনো প্রযুক্তিগত সহায়তার জন্য সিগন্যালিং এন্ড টেলিকম অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করতে হবে।

**৪। ক্লিয়ারিং হাউসের মাধ্যমে কালো তালিকাভুক্ত এমআরটি পাস অবমুক্তকরণ পদ্ধতি**

৪.১ কালো তালিকাভুক্ত এমআরটি পাস অবমুক্ত করতে কোনো যাত্রী আগ্রহী হলে নির্ধারিত ফরম পূরণ করে EFO অপারেটর এর নিকট জমা দিতে হবে;

৪.২ EFO অপারেটর কালো তালিকাভুক্ত কার্ডের বিবরণ রেজিস্টারে লিপিবদ্ধ করবেন। স্টেশন কনট্রোলার জমাকৃত কালো তালিকাভুক্ত এমআরটি পাসসমূহ যাচাই করবেন এবং সিগন্যালিং এন্ড টেলিকম অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রেরণ করবেন; এবং

৪.৩ সিগন্যালিং এন্ড টেলিকম অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কালো তালিকাভুক্ত এমআরটি পাস অবমুক্তির জন্য প্রয়োজনীয় তথ্যাদিসহ ক্লিয়ারিং হাউস কর্তৃপক্ষের নিকট প্রেরণ নিশ্চিত করবেন।

**৫। EFO অপারেটর কর্তৃক এমআরটি পাস এর স্থিতি ও জামানতের অর্থ ফেরত প্রদান**

৫.১ মেশিন রিডেবল ও ক্ষতিগ্রস্ত নয় এমন এমআরটি পাস এর অব্যবহৃত স্থিতি ও জামানত ফেরত পাওয়ার জন্য কোনো যাত্রী এমআরটি পাসটি ফেরত প্রদান করলে ৫০/-(পঞ্চাশ) টাকা প্রসেসিং ফি কর্তন করে জামানত বাবদ ২০০/-(দুইশত) টাকা এবং পাসের অব্যবহৃত স্থিতি ফেরত প্রদান করবেন।

৫.২ মেশিন রিডেবল কিন্তু ক্ষতিগ্রস্ত এমন এমআরটি পাস এর ক্ষেত্রে কোনো যাত্রী এমআরটি পাসটি ফেরত প্রদান করলে ৫০/-(পঞ্চাশ) টাকা প্রসেসিং ফি কর্তন করে শুধুমাত্র এমআরটি পাস'এর অব্যবহৃত স্থিতি ফেরত দেয়া হবে। এইক্ষেত্রে জামানত এর ২০০/-(দুইশত) টাকা ফেরত প্রদান করা হবে না।

৫.৩ মেশিন রিডেবল নয় এমন এমআরটি পাস এর অব্যবহৃত স্থিতি ও জামানত ফেরত পাওয়ার জন্য কোনো যাত্রী এমআরটি পাস ফেরত প্রদান করলে এই পাসের বিপরিতে একটি নতুন পাস ইস্যু করতে হবে। অতঃপর ইস্যুকৃত নতুন পাসটি ফেরত গ্রহণ করে জামানত এবং পাসের অব্যবহৃত স্থিতি ফেরত প্রদান করতে হবে। এইক্ষেত্রে নতুন পাস ইস্যু এবং জামানত ও পাসের অব্যবহৃত স্থিতি ফেরত প্রদান উভয় ক্ষেত্রেই ৫০/-(পঞ্চাশ) টাকা করে প্রসেসিং ফি কর্তনযোগ্য হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

**৬। হারানো এমআরটি পাস পুনঃইস্যুকরণ পদ্ধতি**

৬.১ এমআরটি পাস হারিয়ে গেলে কোনো যাত্রী পাস পুনঃইস্যু করতে আগ্রহী হলে কার্ড এর মালিকানা সংক্রান্ত তথ্য যাচাইপূর্বক নতুন এমআরটি পাস ইস্যু করা যাবে। এক্ষেত্রে প্রসেসিং ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা এবং জামানত বাবদ ২০০/-(দুইশত) টাকা সর্বমোট ২৫০/-(দুইশত পঞ্চাশ) টাকা পরিশোধ করতে হবে। অব্যবহৃত স্থিতি নতুন কার্ডে স্থানান্তরিত হবে; এবং

৬.২ মেশিন রিডেবল এবং ক্ষতিগ্রস্ত নয় হারিয়ে যাওয়া এমন এমআরটি পাস পরবর্তিতে ফেরত প্রদান করলে কার্ড এর মালিকানা সংক্রান্ত তথ্য যাচাইপূর্বক প্রসেসিং ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা কর্তন করে জামানত এর ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা ফেরত প্রদান করা হবে।

**৭। অপঠনযোগ্য এমআরটি পাস এবং একক যাত্রা টিকিট নিষ্পত্তির পদ্ধতি**

৭.১ অপঠনযোগ্য ও ক্ষতিগ্রস্ত নয় এমন এমআরটি পাস ও একক যাত্রা টিকিট ত্রৈমাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে ই-বর্জ্য (E-Waste) হিসেবে নিষ্পত্তি করতে হবে।

৭.২ সকল প্রতিস্থাপিত এবং ই-বর্জ্য হিসেবে নিষ্পত্তিকৃত এমআরটি পাস এবং একক যাত্রা টিকেট কম্পিউটার সিস্টেম হতে বাদ দেয়ার নিমিত্ত সিগন্যালিং এন্ড টেলিকম অধিশাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ব্যবস্থা গ্রহণ করবেন এবং যথাযথভাবে বিস্তারিত তথ্য সম্বলিত তালিকা সংরক্ষণ করবেন। তালিকার অনুলিপি সহকারী ব্যবস্থাপক (রাজস্ব) এবং অর্থ ও হিসাব অনুবিভাগে প্রেরণ করতে হবে।

মহাব্যবস্থাপক (এসএন্ডটি)
ডিএমটিসিএল

মহাব্যবস্থাপক (অপারেশন)
ডিএমটিসিএল

অতিরিক্ত প্রকল্প পরিচালক
(ইএসএন্ডটি এন্ড ট্র্যাক)
এমআরটি লাইন-৬

কোম্পানি সচিব
ডিএমটিসিএল

প্রকল্প পরিচালক
এমআরটি লাইন-৬

ব্যবস্থাপনা পরিচালক
ডিএমটিসিএল